


শিক্ষা জন সংবাদ



ইউআইইউতে তথ্যপ্রযুক্তি  
বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ক ২১তম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান শুক্রবার সকাল ৯টায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, স্বাগত বক্তব্য রাখেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ। আরও বক্তব্য রাখেন বিশ্বের সবচেয়ে বড় প্রকৌশল পেশাদারদের সংগঠন ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার্স (আইইইই)-এর বাংলাদেশ সেকশনের সভাপতি অধ্যাপক সেলিয়া শাহনাজ, টেক্সাস এ এন্ড এম বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ এস আলমসহ দেশি-বিদেশি তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞরা। বিজ্ঞপ্তি